

স্বাঃঅধিঃ/অতিঃমহাঃ(প্রশাসন)/২০২০/১৭৯

বরাবর  
মোঃ লোকমান হোসেন  
ব্যবস্থাপনা পরিচালক  
আলোক হেলথ কেয়ার লিঃ

**বিষয়ঃ কোভিড-১৯ RT-PCR পরীক্ষা করার অনুমোদন প্রদান প্রসংগে।**

সূত্রঃ আপনার ০৭.০৬.২০২০ইং তারিখের পত্র।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার আবেদনের প্রেক্ষিতে অত্র অধিদপ্তর হতে কোভিড-১৯ রোগের ল্যাবরেটরি পরীক্ষা নিম্ন বর্ণিত এবং সংযুক্ত শর্ত সমূহ পূরণ সাপেক্ষে চালু করার অনুমতি প্রদান করা হলো।

**শর্তসমূহঃ**

১. অস্তঃ বিভাগে (প্রযোজ্য ক্ষেত্রে) ভর্তিকৃত রোগীদের ক্ষেত্রে IPC নিশ্চিত করন সহ (সংযুক্ত বর্ণনা মোতাবেক)নমুনা সংগ্রহ ও RT-PCR পরীক্ষা করতে হবে।
২. বহিঃ বিভাগে(প্রযোজ্য ক্ষেত্রে) ফিভার ক্লিনিক (Fever Clinic) অথবা ফ্লু কর্নার (FLU CORNER) স্থাপন করা সাপেক্ষে চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সন্দেহভাজন কোভিড-১৯ রোগীর নমুনা নিজস্ব ল্যাবরেটরীতে পরীক্ষা করতে হবে।
৩. অস্তঃ বিভাগে ও বহিঃ বিভাগে নমুনা সংগ্রহ এবং পরীক্ষা বাবদ সর্বোচ্চ =৩৫০০/- (তিন হাজার পাঁচ শত) টাকা নেয়া যাবে।
৪. যেসব বেসরকারি হাসপাতাল ও ক্লিনিক সমূহ RT-PCR পরীক্ষার মাধ্যমে কোভিড-১৯ সনাক্তকরণের সুবিধা নেই তাদের নমুনা সমূহ স্বাস্থ্য অধিদপ্তর হতে অনুমতিপ্রাপ্ত বেসরকারি হাসপাতাল ও ডায়াগনস্টিকস সমূহে আলোচনার ভিত্তিতে পরীক্ষা করবে।
৫. বাসায় গিয়ে নমুনা সংগ্রহ করার ক্ষেত্রে নমুনা সংগ্রহ বাবদ সর্বোচ্চ =১০০০/- (এক হাজার) টাকা নেয়া যাবে।
৬. স্বাস্থ্য অধিদপ্তর হতে অনুমতিপ্রাপ্ত বেসরকারি হাসপাতাল ও ডায়াগনস্টিকস সমূহকে নিজস্ব ল্যাবরেটরীতে সম্পাদিত সকল কোভিড-১৯ পরীক্ষার সমন্বিত রিপোর্ট আবশ্যিক ভাবে ল্যাব কল সেন্টার (ইমেইল ঠিকানাঃ coronalabcall@gmail.com) ও DHIS 2 তে প্রেরন করতে হবে।

**সংযুক্তিঃ**

১. কোভিড-১৯ ল্যাবরেটরি পরীক্ষা চালুকরণের শর্তসমূহ।
২. ল্যাবরেটরি রিপোর্ট প্রদানের ফরম।

  
(অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা)  
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) ও  
সভাপতি

টেকনিক্যাল কমিটি ল্যাবরেটরি ইনভেস্টিগেশন, কোভিড-১৯  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২

তারিখঃ ০৯/০৬/২০২০ইং

স্বাঃঅধিঃ/অতিঃমহাঃ(প্রশাসন)/২০২০/১৭৯/১(১৬)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আঃ মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব।
২. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আঃ সচিব মহোদয়ের একান্ত সচিব।
৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক (সমন্বয়)।
৪. অতিরিক্ত সচিব, হাসপাতাল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬. পরিচালক, প্রশাসন/অর্থ/ রোগ নিয়ন্ত্রণ/ আইইডিসিআর/হাসপাতাল/পরিকল্পনা ও উন্নয়ন/আইপিএইচ/ এমবিডিসি/এমআইএস, মহাখালী, ঢাকা।
৭. পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা।
৮. সিভিল সার্জন, ঢাকা।